

## 12689 - পবিত্র হওয়ার পর যে নারী থেকে রোযা অবস্থায় হলুদ তরল নির্গত হয়েছে

### প্রশ্ন

জনৈক নারী রমযান মাসে ফজরের পূর্বে পবিত্র হয়ে রোযা রেখেছেন। এরপর যোহরের নামাযের জন্য দাঁড়ালে হলুদ তরল দেখতে পান। তার রোযা কি সহিহ?

### প্রিয় উত্তর

যদি ফজরের পূর্বে তার পবিত্রতা হাছিল হয়, এরপর তিনি রোযা রাখেন; তাহলে তার রোযা সহিহ। পবিত্রতার পর তিনি যে হলুদ তরল দেখলেন এটি তার পবিত্রতার উপর কোন প্রভাব ফেলবে না। যেহেতু উম্মে আতিয়া (রাঃ)-এর হাদিসে এসেছে: “আমরা পবিত্রতার পর বাদামী ও হলুদ স্রাব-কে কোন কিছু বিবেচনা করতাম না” [সহিহ বুখারী (১/৮৪), সুনানে আবু দাউদ (৩০৭) এবং ভাষ্যটি তার]

আল্লাহই তাওফিকের মালিক, আমাদের নবী মুহাম্মদ, তাঁর পরিবারবর্গ ও তাঁর সাহাবীবর্গের প্রতি আল্লাহর রহমত ও শান্তি বর্ষিত হোক।